

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
নিরীক্ষা-২ অধিশাখা।
www.moa.gov.bd


স্মারক : ১২.০০.০০০০.০৪৩.০৬.০১২.১৫.

তারিখ: ২৪ পৌষ ১৪২৪
০৭ জানুয়ারি ২০১৮

“ত্রিপক্ষীয় সভার নোটিশ”

উপপরিচালক, বাণিজ্যিক অডিট অধিদপ্তর, সেক্টর-২, ঢাকা অফিসের আওতাধীন ফরিদপুর জেলার বিএডিসি-এর বিভিন্ন দপ্তরের মোট ২৪টি অগ্রিম অনুচ্ছেদভুক্ত অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ক্ষুদ্রসেচ), বিএডিসি, ফরিদপুর দপ্তরে কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (নিরীক্ষা) জনাব বি এম এনামুল হক এর সভাপতিত্বে আগামী ২৩ জানুয়ারি ২০১৮ সকাল ১০:০০ টায় একটি ত্রিপক্ষীয় সভা অনুষ্ঠিত হবে।

- (১) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ক্ষুদ্রসেচ), বিএডিসি, ফরিদপুর সভার সমন্বয়কারীর দায়িত্ব পালন করবেন।
- (২) সমন্বয়কারী কর্মকর্তা ফোল্ডারে প্রমাণকসহ ০৫ সেট কার্যপত্র সভায় সরবরাহসহ সভাসংশ্লিষ্ট অন্যান্য ব্যবস্থাদি নিশ্চিত করবেন।
- (৩) সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ স্ব স্ব দপ্তর সংশ্লিষ্ট মূল আপত্তির কপি, নিষ্পত্তিসহায়ক কাগজপত্র ও কার্যপত্রের সফট কপিসহ নির্ধারিত সময়ের পূর্বে সভাস্থলে উপস্থিত হবেন।
- (৪) সভাপতিকে সার্বিক সহায়তা করার জন্য কৃষি মন্ত্রণালয়ের নিরীক্ষা-২ অধিশাখার উপসচিব, জনাব সোনা মনি চাকমা সভায় উপস্থিত থাকবেন।



সোনা মনি চাকমা
উপসচিব
ফোন-৯৫৬৪৩৪৪

মহাপরিচালক
বাণিজ্যিক অডিট অধিদপ্তর
অডিট কমপ্লেক্স
সেগুনবাগিচা, ঢাকা।
{দূ: আ: উপপরিচালক, বাঅঅ, (সেক্টর-২) ঢাকা}

স্মারক নং : ১২.০০.০০০০.০৪৩.০৬.০১২.১৫. ১১


তারিখ : ২৪ পৌষ ১৪২৪
০৭ জানুয়ারি ২০১৮

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতাভিত্তিক নয়) :

০১. জেলা প্রশাসক, ফরিদপুর { অতিরিক্ত সচিব ও উপসচিব মহোদয়ের জন্য সার্কিট হাউজে দুইটি কক্ষ বরাদ্দের অনুরোধসহ }।
০২. নিয়ন্ত্রক (অডিট), বিএডিসি, কৃষি ভবন, ঢাকা- অডিট বিভাগের উপযুক্ত প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল।
০৩. সোনা মনি চাকমা, উপসচিব (নিরীক্ষা-২ অধিশাখা), কৃষি মন্ত্রণালয়।
০৪. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ক্ষুদ্রসেচ), বিএডিসি, ফরিদপুর।
০৫. উপপরিচালক, বাণিজ্যিক অডিট অধিদপ্তর, সেক্টর-২, অডিট কমপ্লেক্স, সেগুনবাগিচা, ঢাকা।
০৬. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, অডিট কমপ্লেক্স, সেগুনবাগিচা, ঢাকা।
০৭. প্রোগ্রামার, আইসিটি সেল, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (কৃষি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে আপলোডের অনুরোধসহ)
০৮. হিসাবরক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি : জ্ঞাতার্থে :

১. অতিরিক্ত সচিব (নিরীক্ষা) এর ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের অবগতির জন্য)।
২. যুগ্মসচিব (নিরীক্ষা) এর ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


সোনা মনি চাকমা
উপসচিব